রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, অক্টোবর ১৭, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাণিজ্য মন্ত্রণালয়**
**প্রশাসন-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩০/২৪ সেপ্টেম্বর ২০২৩

**নং ২৬.০০.০০০০.০৯০.০৬.০৭৪.১১.৮৮**—বাণিজ্য মন্ত্রণালয়ের ১০ সেপ্টেম্বর ২০১২ তারিখের ২৬.০০.০০০০.১১৫.০৬.০৭৪.১১.৭৮ নম্বর প্রজ্ঞাপন মোতাবেক ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫ অনুযায়ী গঠিত জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদের মেয়াদ ১১ জুলাই ২০২৩ তারিখে উত্তীর্ণ হওয়ায় সরকার নিম্নরূপ সদস্য সমন্বয়ে প্রজ্ঞাপন জারির তারিখ থেকে আগামী ২ বছর ৬ মাসের জন্য জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ পুনর্গঠন করিল:

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা। | চেয়ারম্যান |
| ২. | সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (পদাধিকারবলে)। | সদস্য |
| ৩. | মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা (পদাধিকারবলে)। | সদস্য |
| ৪. | মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই), ঢাকা (পদাধিকারবলে)। | সদস্য |
| ৫. | জনাব জুবাইদা মান্নান (যুগ্মসচিব), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। | সদস্য |
| ৬. | জনাব মোহা: নায়েব আলি (যুগ্মসচিব), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। | সদস্য |
| ৭. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম (যুগ্মসচিব), শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল বা/এ, ঢাকা। | সদস্য |
| ৮. | ড. সাবিনা ইয়াসমিন (যুগ্মসচিব), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |

| | | |
|---|---|---|
| ৯. | জনাব নীলুফা আক্তার (যুগ্মসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ১০. | এ কে এম মামুনুর রশিদ (যুগ্মসচিব), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ১১. | জনাব মোহাম্মদ আসাদুজ্জামান নূর (যুগ্মসচিব), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, ঢাকা। | সদস্য |
| ১২. | চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা (পদাধিকারবলে)। | সদস্য |
| ১৩. | ডিআইজি (অপারেশনস), বাংলাদেশে পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা। | সদস্য |
| ১৪. | সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি (এফবিসিসিআই), ঢাকা (পদাধিকারবলে)। | সদস্য |
| ১৫. | সভাপতি, ঔষধ শিল্প সমিতি, ঢাকা (পদাধিকারবলে)। | সদস্য |
| ১৬. | সভাপতি, কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), ঢাকা (পদাধিকারবলে)। | সদস্য |
| ১৭. | সভাপতি, জাতীয় প্রেস ক্লাব, ঢাকা (পদাধিকারবলে)। | সদস্য |
| ১৮. | মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা (পদাধিকারবলে)। | সদস্য |
| ১৯. | জনাব হেলাল উদ্দিন, সভাপতি, বাংলাদেশ দোকান মালিক সমিতি (সরকার কর্তৃক মনোনীত বিশিষ্ট নাগরিক)। | সদস্য |
| ২০ | জনাব ফেরদৌস আহমেদ, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব (সরকার কর্তৃক মনোনীত বিশিষ্ট নাগরিক)। | সদস্য |
| ২১. | জনাব শেখ কবীর হোসেন, বিশিষ্ট সমাজকর্মী (সরকার কর্তৃক মনোনীত বিশিষ্ট নাগরিক)। | সদস্য |
| ২২. | মিসেস প্রীতি চক্রবর্তী, পরিচালক, এফবিসিসিআই (সরকার কর্তৃক মনোনীত বিশিষ্ট নাগরিক, বাজার অর্থনীতিতে অভিজ্ঞতা সম্পন্ন)। | সদস্য |
| ২৩. | মিসেস মনোয়ারা হাকিম আলী, প্রেসিডেন্ট, চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি (সরকার কর্তৃক মনোনীত ব্যবসায় অভিজ্ঞতা সম্পন্ন)। | সদস্য |
| ২৪. | জনাব সিদ্দিকুর রহমান, শিল্প ও বাণিজ্য বিষয়ক সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ ((সরকার কর্তৃক মনোনীত শিল্পে অভিজ্ঞতা সম্পন্ন)। | সদস্য |
| ২৫. | জনাব মোঃ আব্দুল মালেক মিয়া, সাবেক সচিব (সরকার কর্তৃক মনোনীত জনপ্রশাসনে অভিজ্ঞতা সম্পন্ন)। | সদস্য |
| ২৬. | অধ্যাপক ড. মীজানুর রহমান, সাবেক চেয়ারম্যান, মার্কেটিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও সাবেক উপাচার্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয় (সরকার কর্তৃক মনোনীত শিক্ষক প্রতিনিধি)। | সদস্য |

| | | |
|---|---|---|
| ২৭. | সভাপতি, জাতীয় শ্রমিক লীগ, ঢাকা (সরকার কর্তৃক মনোনীত শ্রমিক প্রতিনিধি)। | সদস্য |
| ২৮. | সভাপতি, জাতীয় কৃষক লীগ, ঢাকা (সরকার কর্তৃক মনোনীত কৃষক প্রতিনিধি)। | সদস্য |
| ২৯. | মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা। | সদস্য-সচিব |

২। **পরিষদের কার্যাবলিঃ** পরিষদের কার্যাবলি হবে নিম্নরূপ, যথাঃ—

ক. আইনের উদ্দেশ্য পূরণকল্পে ভোক্তা অধিকার সংরক্ষণ সংক্রান্ত নীতি প্রণয়ন এবং উহা বাস্তবায়নে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক ও জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটিকে নির্দেশনা প্রদান;

খ. আইনের উদ্দেশ্য পুরণকল্পে প্রয়োজনীয় প্রবিধানমালা প্রণয়ন;

গ. ভোক্তা অধিকার সংরক্ষণ সম্পর্কে সরকার কর্তৃক প্রেরিত যে কোনো বিষয় বিবেচনা করা এবং মতামত প্রদান;

ঘ. ভোক্তা অধিকার সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় আইন ও প্রশাসনিক নির্দেশনা প্রণয়নের বিষয়ে সরকারকে পরামর্শ ও সহযোগিতা প্রদান;

ঙ. ভোক্তা অধিকার সম্পর্কে জনসাধারণকে সচেতন করিবার জন্য প্রয়োজনীয় শিক্ষা ও প্রচারমূলক কার্যক্রম গ্রহণ;

চ. ভোক্তা অধিকার সংরক্ষণের সুফল ও ভোক্তা অধিকার বিরোধী কার্যের কুফল সম্পর্কে গণসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

ছ. ভোক্তা অধিকার সম্পর্কে গবেষণা কার্যক্রম পরিচালনা;

জ. জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এর মহাপরিচালক এবং জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির কার্যক্রম তদারকি ও পর্যবেক্ষণ; এবং

ঝ. উপরি-উক্ত দায়িত্ব পালন ও কর্তব্য সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোনো ব্যবস্থা গ্রহণ।

২। পরিষদের করণীয় সংক্রান্ত অন্যান্য বিষয়াদি জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এ বর্ণিত বিধানাবলি দ্বারা প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খন্দকার জাকির হোসেন**
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd